

সিঙ্গাপুর এয়ারলাইন্স, ওপেনএআই চুক্তি

- A Monitor Desk Report

Date: 30 April, 2025



ঢাকাঃ সিঙ্গাপুর এয়ারলাইন্স (SIA) এবং কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক গবেষণা ও প্রযুক্তি প্রতিষ্ঠান ওপেনএআই যৌথভাবে বিমান পরিবহন খাতে জেনারেটিভ এআই (GenAI) প্রযুক্তি চালু করছে। কোনো শীর্ষস্থানীয় বিমান সংস্থার সঙ্গে ওপেনএআই এটি প্রথম সরাসরি অংশীদারিত্ব চুক্তি।

জেনারেটিভ এআই টুলস বিভিন্ন ধরনের পাঠ্য, অডিও, ডায়াগ্রাম এবং ভিডিও বিশ্লেষণ করতে সক্ষম। এর মাধ্যমে গ্রাহকসেবার উন্নয়ন ঘটবে, অভ্যন্তরীণ কার্যক্রম আরও স্বয়ংক্রিয় হবে এবং কর্মক্ষেত্রে দক্ষতা ও উৎপাদনশীলতা বৃদ্ধি পাবে।

সিঙ্গাপুর এয়ারলাইন্সের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট (তথ্যপ্রযুক্তি) জর্জ ওয়াং বলেন, “ওপেনএআই-এর সঙ্গে এই সহযোগিতা সিঙ্গাপুর এয়ারলাইন্সের ডিজিটাল উত্তাবন এবং এভিয়েশন ইন্ডাস্ট্রিতে নেতৃত্ব বজায় রাখতে সহায়ক হবে।

ওপেনএআই-এর আন্তর্জাতিক বিভাগের ব্যবস্থাপনা পরিচালক অলিভার জে বলেন, “এআই প্রযুক্তির সাহায্যে ভ্রমণের অভিজ্ঞতা উন্নত করা, কর্মীদের ক্ষমতায়ন এবং জটিল কার্যক্রমগুলোকে আরও সহজ করা সম্ভব।”

অংশীদারিত্বের আওতায় সিঙ্গাপুর এয়ারলাইন্সের কর্মীরা একটি নতুন AI অ্যাসিস্ট্যান্ট ব্যবহারের সুযোগ পাবেন, যা দৈনন্দিন রুটিন কাজগুলো স্বয়ংক্রিয় করবে এবং রিয়েল টাইম পরিচালনে সহায়ক হবে। ওপেনএআই-এর মাল্টিমোডাল মডেলের ভিত্তিতে নির্মিত এই টুলটি বিভিন্ন ফরম্যাটের তথ্য বিশ্লেষণ করে দ্রুত সিদ্ধান্ত গ্রহণ ও কার্যকর সমস্যা সমাধানে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম।